দামুড়হুদায় নিজ অর্থায়নে শীতবস্ত্র বিতরণ করলেন ইউ.পি সদস্য সামসুল

দামুড়হুদায় নিজ অর্থায়নে শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের মেম্বার ও দামুড়হুদা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম।

গত সোমবার থেকে চুয়াডাঙ্গা জেলায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড হয়েছে, শুরু হয়েছে শীতের তীব্রতা। ঘন কুয়াশা ও তীব্র শীতে দামুড়হুদা উপজেলায় জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। তারই ধারাবাহিকতায় নিজ অর্থায়নে দামুড়হুদা সদর ইউনিয়নের ইউপি সদস্য সামসুল ইসলাম ইউনিয়ন পরিষদের ২ নং ওয়ার্ড কেশবপুর – পুড়াপাড়া – কুষাঘাটায় আজ শনিবার সন্ধ্যার পর দুঃস্থ অসহায়দের বাড়ি,বাড়ি গিয়ে কুশল বিনিময় করেন ও শীতবস্ত্র বিতরণ করেন।

এসময় তিনি বলেন, বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার হাত ধরে বাংলাদেশের উন্নয়ন চলমান। এরই ধারাবাহিকতায় আপনাদের জন্য আমি নিজ উদ্যোগে কিছু শীতবস্ত্র আপনাদের মাঝে পৌঁছে দিচ্ছি। আমি ইউ. পি সদস্য হিসাবে নয়, আমি আপনাদের সেবক হয়ে যাতে প্রকৃত দুস্থ অসহায় মানুষের সেবা করতে পারি! সেজন্য আপনারা আমার জন্য দোয়া করবেন। শুধু আমার নিজ ওয়ার্ড নয়, যেখানে দুস্থ ও অসহায় মানুষ আছে আমার সাথে যোগাযোগ করলে আমি তাদের পাশে থাকব।

এসময় উপস্থিত ছিলেন, কেশবপুর উজ্জল ক্লাবের ক্যাশিয়ার নাজমুল ইসলাম।

কুষ্টিয়ায় এতিমখানা ও

মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরণ

কুষ্টিয়ার খোকসায় এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে খোকসা উপজেলার শোমসপুর ইউনিয়নের ধুশুন্ধ গ্রামে সরদার মমতাজ আজহার এতিমখানা ও হাফেজিয়া খানা ও জয়ন্তীহাজরা ইউনিয়নের উথলী গ্রামের উথলী এতিমখানা ও হাফেজিয়া মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে এসব শীতবস্ত্র উপহার স্বরুপ বিতরণ করা হয়।

সামাজিক স্বেচ্ছাসেবী সংগঠন ‘ইয়ুথ ডেভলপমেন্ট ফোরাম’র উদ্যোগ ও দক্ষিন কোরিয়া প্রবাসি আশরাফুল ইসলাম রোমান এর অর্থায়নে কতটা কম্বল বিতরণ করা হয়।

সামাজিক স্বেচ্ছাসেবী সংগঠন ‘ইয়ুথ ডেভলপমেন্ট ফোরাম’র চেয়ারম্যান আশিকুল ইসলাম চপলের সভাপতিত্বে খোকসা সরকারি কলেজের বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ওয়াজেদ বাঙ্গালী, শোমসপুর ইউনিয়নের ধুশুন্ধ গ্রামে সরদার মমতাজ আজহার এতিমখানা ও হাফেজিয়া খানার মুহতামিম হাফেজ আব্দুর রহমানসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

সামাজিক স্বেচ্ছাসেবী সংগঠন ‘ইয়ুথ ডেভলপমেন্ট ফোরাম’র চেয়ারম্যান আশিকুল ইসলাম চপল বলেন, শীতে কারও যেন কষ্ট না হয় এজন্য আমরা চেষ্টা করি দুস্থ শীতার্তদের জন্য শীতবস্ত্রের ব্যবস্থা করে থাকি। শুধুমাত্র সমাজের অবহেলিত অসহায় শীতার্ত মানুষই নয়, মাদ্রাসার এতিম শিশুদের কথা চিন্তা করে সংগঠনটির মাধ্যমে এসব শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

মেহেরপুরে শীতবস্ত্র বিতরণ

মেহেরপুরে অসহায় ও হতদরিদ্রদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেছে বহুমুখী মানব কল্যাণ সংস্থা নামের এক স্বেচ্ছাসেবী সংগঠন।

আজ বৃহস্পতিবার দুপুরে শহরের পৌর কমিউনিটি সেন্টারে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সাংবাদিক ও বেসরকারী টেলিভিশন এনটিভির সাবেক বিশেষ প্রতিনিধি আহম্মেদ পিপুল, পৌর প্যানেল মেয়র মাহাফুজুর রহমান। সভাপতিত্ব করেন সংগঠনটির সভাপতিত্ব নুরুল আহম্মেদ।

অনুষ্ঠানে ৫শ জন হতদরিদ্র মানুষের হাতে কম্বল তুলে দেওয়া হয়। শীতের প্রথম দিকে কম্বল পেয়ে খুশি তারা।

বক্তারা বলেন, হতদরিদ্রদের মাঝে শুধু শীতবস্ত্র বিতরণ নয়, অসহায় শিক্ষার্থীদের মাঝে সংগঠনটির পক্ষ থেকে দেওয়া হচ্ছে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষণ। এতে তারা নিজেদের কর্মসংস্থান নিজেরাই তৈরি করতে পারছেন।